

## প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুরের ০৭ (সাত) টি কারখানাকে মোট ৩৩ লক্ষ ৪২ হাজার ৪৭৮ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ২১/০৩/২০২১ তারিখ পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুরের ০৭ (সাত) টি কারখানাকে পরিবেশের মারাত্মক ক্ষতিকর কার্যক্রম সম্পাদনের মাধ্যমে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধনের দায়ে মোট ৩৩ লক্ষ ৪২ হাজার ৪৭৮ টাকা টাকা ক্ষতিপূরণ ধার্য করেন।

আজ ২১/০৩/২০২১ খ্রি: শুনানী অস্ত্রে ঢাকার “রাজ্জাক প্যাকেজিং লি:” -কে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা, “আল মদিনা থ্রেড (ডাইং কারখানা)” -কে ৩,৬৪,৮০০/- (তিন চুয়াট্টি হাজার আটশত) টাকা ও “জাপান বাংলাদেশ ফ্রেডশিপ হাসপাতাল প্রা: লি:” -কে ২,০৪,৭৫০/- (দুই লক্ষ চার হাজার সাতশত পঞ্চাশ) টাকা; নারায়ণগঞ্জের “মেসার্স এম.এস ডাইং, প্রিন্টিং এন্ড ফিনিশিং” -কে ৬,৮৮,১২৮/- (ছয় লক্ষ আটশি হাজার একশত আটাইশ) টাকা ও “খান ব্রাদার্স টেক্সটাইল মিলস লি:” -কে ১২,৯৩,১২০/- (বারো লক্ষ তিরানব্বই হাজার একশত বিশ) টাকা; গাজীপুরের “ইউরো ওয়াশিং লি:” -কে ৩,৪০,৪৮০/- (তিন লক্ষ চল্লিশ হাজার চারশত আশি) টাকা ও “পারফেক্টি ভ্যানমেলে বাংলাদেশ প্রা: লি:” -কে ২,৫১,২০০/- (দুই লক্ষ একান্ন হাজার দুইশত) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

তারিখ: ২১/০৩/২০২১ খ্রি:।

স্বাক্ষরিত/-

(ইয়াসমিন আক্তার)

সহকারী পরিচালক

মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।